

“ছেলে হোক, মেয়ে হোক,
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা- ১২১৫।

স্মারক নং- পপ/শা-১/১টি-৫২০/২০১৪(অংশ)/২২২০

তারিখ : ১৭ শ্রাবণ ১৪২৬
০১ আগস্ট ২০১৯

বিষয় : মতবিনিময় সভায় অংশগ্রহণকারী হিসেবে মাঠ কর্মী মনোনয়ন।

সূত্র : স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে ২১/০৭/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নির্ধারিত টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে ‘মা ও শিশু স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা বিষয়ক কার্যক্রম টেকসই করতে জনবল (মাঠ কর্মী) বিন্যাস, সমস্যা চিহ্নিতকরণ, সম্ভাবনা যাচাই ও উত্তরণ ভাবনা’ শীর্ষক এক মতবিনিময় সভা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ব্যবস্থাপনায় আগামী ১৮-৩১ আগস্ট ২০১৯ এর মধ্যে সুবিধাজনক একটি সময়ে ঢাকায় অনুষ্ঠিত হবে। অনুষ্ঠেয় মতবিনিময় সভায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মহোদয় উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

২। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করে জনমুখী সেবা নিশ্চিত করার লক্ষ্যে আয়োজিতব্য মতবিনিময় সভায় অংশগ্রহণের জন্য আপনার বিভাগে কর্মরত পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV), পরিবার পরিকল্পনা পরিদর্শক (FPI) এবং পরিবার কল্যাণ সহকারী (FWA)-দের প্রতি গ্রুপ থেকে শ্রেষ্ঠত্ব অর্জনকারী ১০(দশ) জন করে মোট ৩০(ত্রিশ) জনের নাম প্রস্তাব করার জন্য অনুরোধ করা হলো। যারা জেলা/বিভাগ/জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জন করেছেন অগ্রাধিকারভিত্তিক তাঁদেরকে মনোনয়ন দিয়ে নিম্নহকে তথ্যাদি আগামী ০৮/০৮/২০১৯ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্রম.	নাম ও পদবী	বর্তমান কর্মস্থল	শ্রেষ্ঠত্ব অর্জনের ক্ষেত্র ও সময়কাল	মোবাইল নং এবং ই-মেইল ঠিকানা	মন্তব্য
১	২	৩		৪	৫

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

পরিচালক

পরিবার পরিকল্পনা

..... বিভাগ।

(মোঃ হেমায়েৎ হুসেইন)

যুগ্মসচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং

পরিচালক (প্রশাসন)

ফোন-৯১৪৬১২৮

বিতরণ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।